



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, কদমতলী, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং :- সিশিবো/পনি /জে এস সি-১৪০/২০১৭/২৫৭

তারিখ : ০৬/১১/২০১৭

### বিজ্ঞপ্তি

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন জে এস সি / এস এস সি/এইচ এস সি পরীক্ষার কেন্দ্র সচিব ও ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশেষ চাহিদা সম্পন্ন (অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রালপল্‌সি) শিক্ষার্থীরা একটু অন্যমনস্ক এবং বেখেয়ালী হয়ে থাকে, তাই তাদের পরীক্ষায় অংশ গ্রহণে নিম্নোক্ত বিশেষ ব্যবস্থা নেওয়া যেতে পারবে :

- ১। অন্যান্য শিক্ষার্থীদের তুলনায় ০৩(তিন) ঘন্টা সময়ের ক্ষেত্রে ৩০ (ত্রিশ) এবং ০২(দুই) ঘন্টা সময়ের ক্ষেত্রে ২০ (বিশ) মিনিট করে লেখার অতিরিক্ত সময় দেয়া যাবে।
- ২। প্রতিবন্ধী (অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রালপল্‌সি) পরীক্ষার্থীদের সহায়ক হিসেবে শিক্ষক/অভিভাবক/সাহায্যকারী ০১(এক) জন নিয়োজিত করতে পারবে। উল্লেখ্য, উক্ত সাহায্যকারী ঐ পরীক্ষার্থীকে কোন প্রশ্নের উত্তর ইশারা বা আকার-ইঙ্গিতে বলে বা লিখে দিতে পারবেন না।
- ৩। শিক্ষার্থী যে কেন্দ্রে পরীক্ষা অংশ গ্রহণ করবে সে কেন্দ্রের কেন্দ্র সচিব (প্রধান শিক্ষক)/ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যক্ষ) পরীক্ষার্থীর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৪। প্রতিবন্ধী পরীক্ষার্থী উল্লেখিত সুবিধা গ্রহণের জন্য প্রামাণ্যসরূপ সিভিল সার্জন/ সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক সনাক্তকরণ সনদ, পরীক্ষার্থী ও সাহায্যকারীর পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি করে মোট ০৪(চার) কপি সত্যায়িত ছবিসহ পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদনের মাধ্যমে অনুমোদন নিতে হবে।
- ৫। উক্ত পরীক্ষার্থীর উত্তরপত্র আলাদা প্যাকেট করে করোগেটেড শীটে 'প্রতিবন্ধী পরীক্ষার্থী' লিখে পরীক্ষা নিয়ন্ত্রক/সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক এর হাতে জমা দিতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোঃ কবির আহমদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।

০৬/১১/২০১৭